কালের কণ্ঠ

তারিখ 15 SEP 2017
পৃষ্ঠা ১৯ কলাম ১

# ঢাবির 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ

## পরীক্ষার্থীদের কান-মুখমণ্ডল খোলা রাখতে হবে : উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষে ভর্তীচ্ছু শিক্ষার্থীদের পরীক্ষার হলে মুখমণ্ডল ও কান খোলা রাখার নির্দেশ দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান। তিনি বলেন, পরীক্ষায় জালিয়াতি ঠেকাতে পরীক্ষার হলে পরীক্ষার্থীদের মুখমণ্ডল ও কান খোলা রাখতে হবে। প্রবেশপত্রে ব্যবহার করা ছবির মতো পরীক্ষার হলেও কান খোলা রাখতে হবে, যাতে পরীক্ষা চলাকালে কেউ কানে কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে না পারে।

বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'গ' ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে আজ শুক্রবার। এ উপলক্ষে গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অফিসসংলগ্ন অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে আয়োজিত এক সংবাদ সম্মেলনে উপাচার্য এ কথা বলেন।

লিখিত বক্তব্যে ভারপ্রাপ্ত উপাচার্য বলেন, এবার 'গ' ইউনিটের এক হাজার ২৫০টি আসনের বিপরীতে ভর্তীচ্ছু আবেদনকারীর সংখ্যা ২৯ হাজার ৩১১ জন। প্রতি আসনের বিপরীতে প্রায় ২৪ জন। এবারে এই ইউনিটের পরীক্ষা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের মোট ৫৩টি কেন্দ্রে এবং বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউটসহ ক্যাম্পাসের বাইরের বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ, নীলক্ষেত হাই স্কুল, আজিমপুর সরকারি গার্লস স্কুল অ্যান্ড কলেজ এবং অগ্রণী স্কুল ও কলেজে অনুষ্ঠিত হবে।

তিনি আরো বলেন, চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিটের সাধারণ জ্ঞান অংশের পরীক্ষা অনুষ্ঠিত হবে কাল। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদসহ ক্যাম্পাসের মোট ১১টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বছর এই ইউনিটে ১৩৫টি আসনের বিপরীতে ১৩ হাজার ৪৭২ জন ভর্তীচ্ছু অংশ নেবে।